

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাৎ/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং-১৩৭-আইন/৯৭/১৫৪ -মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যে ক্ষেত্রে কোন ব্যবসায়ী ধারা ৯ এর আওতায় উপকরণ কর দ্বারা গ্রহণ করিবেন না সেই ক্ষেত্রে, নিম্নরূপ পরিসীমা ও শর্ত সাপেক্ষে, তৎকর্তৃক মূল্য সংযোজন কর প্রদানের নিমিত্তে মূল্য সংযোজনের হার এতদ্বারা ত্রিশ শতাংশ নির্ধারন করিল,যথাঃ-

(১) যেই ক্ষেত্রে কোন ব্যবসায়ী উপরি-উক্তরূপ নির্ধারিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন, সেই ক্ষেত্রে তিনি কর মেয়াদ শুরু হইবার পূর্বেই, তাঁহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর, এলাকা কোড, ব্যবসায় স্থলের ঠিকানা, ফোন নম্বর, ফ্যাক্স নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক, তৎসম্পর্কে মূল্য সংযোজন করের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন করিবেন :

(২) যদি কোন ব্যবসায়ী কখনও মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর প্রদান করেন এবং পরবর্তী কোন সময়ে উক্ত নির্ধারিত হারের পরিবর্তে উপকরণ কর রেয়াত গ্রহণপূর্বক মূল্য সংযোজন কর প্রদানের পদ্ধতিতে কর প্রদানের ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহাকে মূল্য সংযোজন করের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবরে পরবর্তী কর মেয়াদ শুরু হইবার পূর্বেই সেই মর্মে একটি আবেদন করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ আব্দুল কাফী]

দ্বিতীয় সচিব

মুসক নীতি নির্ধারণ ও বাজেট